

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫১১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৩. প্রথম অনুচ্ছেদ - ঝড় তুফানের সময়

بَابٌ فِي الرِّيَاحِ

আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «نُصِرْتُ بِالصَّبَا وَأُهْلِكَتْ عَاد بالدبور»

বাংলা

ঝড় তুফানের অধ্যায় ইসতিসকার অধ্যায়ের পরে আনার কারণ হল ইসতিসকা দ্বারা বৃষ্টি বর্ষণের চাওয়া উদ্দেশ্য আর ঝড় তুফান অধিকাংশ সময় 'আযাব হিসেবে পতিত হয়।

১৫১১-[১] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি পূরবী বাতাস দিয়ে উপকৃত হয়েছি। আর 'আদ জাতি পশ্চিমা বাতাস দিয়ে ধ্বংসপ্রাপ্ত হয়েছে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১০৩৫, ৩২০৫, ৩৩৪৩, ৪১০৫, মুসলিম ৯০০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩১৬৪৬, আহমাদ ২০১৩, ইবনু হিবান ৬৪২১, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৪৮৪, শারহুস্ সুন্নাহ্ ১১৪৯, সহীহ আল জামি' আস্ সগীর ৬৭৬২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: খন্দাকের যুদ্ধে আমি সাহায্যপ্রাপ্ত হয়েছিলাম। হাদীসে হাওয়া দ্বারা বর্ণনার উদ্দেশ্য যে সবকিছু এবং উপাদানসমূহ পরিচালিত হয় আল্লাহর আদেশে এবং ইচ্ছায় এবং প্রকৃতবাদীদের ও ফিলোসোফার (philosopher) ও জ্ঞানীদের বিরুদ্ধে। বাতাস তার আদেশেই পরিচালিত হয় কখনও এ বাতাস তার আদেশ



কোন জাতির ওপর সাহায্যে আবার কোন জাতির ওপর 'আযাব হিসেবে ব্যবহৃত হয়। হাদীসে আরও বর্ণনা করা হয়, ব্যক্তির ওপর আল্লাহ যে অনুগ্রহ করেছেন কৃতজ্ঞতার মন নিয়ে তা অন্যকে সংবাদ দেয়া অহংকারের মানসিকতা নিয়ে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন